# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

## আইন বিভাগ

নং প্রকা/আইন-৭৯৫(অংশ-৫)২০২০-২০২১/ ৫৬৭(১২৫০) তারিখঃ ২৫-১১-২০২০খ্রিঃ

১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়

২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয় *"বিষয়টি অতীব জরুরী"*

৩। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক

৪। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা

বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ <u>শ্রেণীকৃত ঋণ হ্রাসকল্পে অর্থঋণ আদালতে বিচারাধীন মামলাসমূহ দ্রুততম সময়ে নিস্পত্তির কর্মপরিকল্পনা গ্রহণ ও নিস্পত্তির সময়ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।</u>**

প্রিয় মহোদয়,

অর্থঋণ আদালতসহ অন্যান্য আদালতে বিচারাধীন মামলা সংক্রান্ত বিভিন্ন বিভাগ হতে প্রাপ্ত ৩০-১০-২০২০ তারিখ ভিত্তিক প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৯-২০২০ অর্থ বছরে ঢাকা বিভাগের মামলা নিস্পত্তির হার সন্তোষজনক হলেও অন্যান্য সকল বিভাগের মামলা নিস্পত্তির হার লক্ষ্যমাত্রার বিপরীতে অনেক কম যা খুবই হতাশাজনক। উল্লেখ্য, ২০২০-২০২১ অর্থ বছরে কুষ্টিয়া,সিলেট, কুমিল্লা এবং এলপিও এর অধীনে পরিচালনাধীন একটি অর্থঋণ মামলাও নিস্পত্তি না হওয়ায় উর্ধতন কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ করেছেন। তথ্য পর্যালোচনায় আরও পরিলক্ষিত হয় যে, ১০ বছর এবং তদুর্ধ্ব সময় যাবৎ ব্যাংকের বেশ কিছু মামলা অনিস্পন্ন রয়েছে । উক্ত মামলাসমূহ যথাযথ কর্মপরিকল্পনা গ্রহন পূর্বক দ্রুত নিস্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে। ব্যাংক কর্তৃক দায়েরকৃত মামলার বিপরীতে অনেক সময় ঋণ গ্রহীতা উচ্চ আদালতে আপীল/ রিভিশন/ রীট পিটিশন দাখিলের মাধ্যমে মামলা স্থগিত করে থাকেন। ফলশ্রুতিতে মামলায় জড়িত ব্যাংকের বিপুল পরিমাণ মেয়াদোত্তীর্ণ পাওনা আদায় অনিশ্চিত হয়ে পড়ে। ৩০-১০-২০২০ তারিখে ব্যাংকের অনাদায়ী ঋণ স্থিতি ২৩৫২৭.১০ কোটি টাকা। উক্ত ঋণ স্থিতির বিপরীতে মোট শ্রেণীকৃত ঋণের পরিমাণ ২৬২০.০০কোটি টাকা। অপরদিকে ৩০-১০-২০২০ তারিখ ভিত্তিক ব্যাংকের শুধুমাত্র অর্থঋণ আদালতে ১২৫৭ টি মামলার বিপরীতে জড়িত টাকার পরিমাণ ১৫০৭.৭৩ কোটি টাকা, যা ব্যাংকের মোট শ্রেণীকৃত ঋণের প্রায় ৫৭.৫৪ %। বিষয়টি খুবই উদ্বেগজনক। উক্ত শ্রেণীকৃত ঋণ আদায় না হওয়ায় ব্যাংক বিপুল পরিমাণ আর্থিক ক্ষতির সম্মুখীন। যে সকল গ্রাহক বিআরপিডি-৫ তারিখঃ ১৬-০৫-২০১৯ এর আওতায় ঋণ পুনঃতফসীল এবং এককালিন এক্সিট এর সুবিধা গ্রহন করেননি তাদের বিরুদ্ধে দায়েরকৃত মামলা সমূহ দ্রুত নিস্পত্তির জন্য নিবিড় মনিটরিং অব্যাহত রাখাসহ ব্যাংকের প্রচলিত বিধি মোতাবেক কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহন করতে হবে। তদুপরি অর্থ মন্ত্রনালয় কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA), ২০২০-২০২১ এ মামলাসমূহ নিস্পত্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেওয়া হয়েছে। ব্যাংকের শ্রেণীকৃত ঋণ হ্রাসকল্পে ৩০-০৬-২০২০ তারিখ ভিত্তিক অর্থঋণ আদালতে বিচারাধীন মামলায় জড়িত অর্থ আদায়/শ্রেণীকৃত ঋণ হ্রাসের লক্ষ্যে চলতি অর্থ বছরে বিভাগওয়ারী বন্টনকৃত লক্ষ্যমাত্রার বিপরীতে ৩০-১০-২০২০ ইং তারিখ ভিত্তিক অর্জন নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | ৩০-০৬-২০২০ ভিত্তিক মামলার অবস্থা | | ডিসেম্বর/২০২০ ভিত্তিক আদায়ের/হ্রাসের লক্ষ্যমাত্রা | | ডিসেম্বর/২০২০ ভিত্তিক লক্ষ্যমাত্রার বিপরীতে অক্টোবর /২০২০পর্যন্ত অর্জন | | ৩০-১০-২০২০ ভিত্তিক মামলার স্থিতি | | ২০২০-২০২১ অর্থ বছরে আদায়ের/হ্রাসের জুন/২০২১ ভিত্তিক লক্ষ্যমাত্রা | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ |
| ০১ | ঢাকা | ২৬৮ | ৮৮৪.২০ | ৪০ | ১৩২.৫০ | ১৮ | ২০১.৪৬ | ৩০৩ | ৭০৭.৯১ | ৮০ | ২৬৫.২৬ |
| ০২ | চট্টগ্রাম | ১৩৯ | ৫৩৮.১৯ | ২১ | ৮০.৫০ | ০২ | ০.০৪ | ১৩৯ | ৫৩৬.৯৬ | ৪২ | ১৬১.৪৫ |
| ০৩ | খুলনা | ২৫৭ | ১০৩.০১ | ৩৮ | ১৫.৪৫ | ০৪ | ০.০৩ | ২৫৫ | ১০২.৫৩ | ৭৭ | ৩০.৯০ |
| ০৪ | কুষ্টিয়া | ৭৪ | ১১.৫৩ | ১১ | ১.৭৫ | ০০ | ০.০০ | ৭৭ | ১১.৮৩ | ২২ | ৩.৪৫ |
| ০৫ | বরিশাল | ২৫৬ | ২.৮১ | ৩৮ | .৪২ | ২৬ | ০.০৬ | ২৩০ | ২.৭৪ | ৭৭ | ০.৮৪ |
| ০৬ | সিলেট | ৪২ | ১৩.১৭ | ০৭ | ১.৯৭ | ০০ | ০.০০ | ৪২ | ১৩.১৭ | ১৩ | ৩.৯৫ |
| ০৭ | ফরিদপুর | ২৪ | ২.০৫ | ০৪ | .৩০ | ০৪ | ১.২৯ | ২১ | ০.৮৮ | ০৭ | ০.৬১ |
| ০৮ | কুমিল্লা | ৭২ | ৩৫.৮৭ | ১১ | ৫.৩৮ | ০১ | ০.৬০ | ৭৬ | ৩৫.১২ | ২২ | ১০.৭৬ |
| ০৯ | ময়মনসিংহ | ৭৯ | ১৪.৫৯ | ১২ | ২.১৮ | ০৭ | ০.০৬ | ৭৮ | ১৪.৯১ | ২৪ | ৪.৩৭ |
| ১০ | এলপিও | ৩৬ | ৮১.৬৮ | ০৬ | ১২.২৫ | ০০ | ০.০০ | ৩৬ | ৮১.৬৮ | ১১ | ২৪.৫০ |
| মোট ঃ | | ১২৪৭ | ১৬৮৭.১০ | ১৮৮ | ২৫২.৬৮ | ৬২ | ২০৩.৫৪ | ১২৫৭ | ১৫০৭.৭৩ | ৩৭৫ | ৫০৬.০৯ |

০২। এমতাবস্থায়,বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে অত্র বিভাগের ১৬-০৮-২০২০ ইং তারিখের পত্র নং-৮৩ এর নির্দেশনাসমূহ পরিপালনসহ যথাযথ কর্মপরিকল্পনা গ্রহন পূর্বক অর্থঋণ আদালতসহ অন্যান্য আদালতে বিচারাধীন মামলাসমূহ ২০২০-২০২১ অর্থ বছরে আদায়/হ্রাসের লক্ষ্যমাত্রা অনুযায়ী দ্রুত নিস্পত্তির উদ্যোগ গ্রহণের পরামর্শ প্রদান করা হলো। ইতোমধ্যে বর্তমান অর্থবছরের ০৫ (পাঁচ) মাস অতিক্রান্ত হয়েছে এবং সকল আদালতের কার্যক্রম স্বাভাবিক থাকায় কালবিলম্ব না করে মাঠ পর্যায়ে জারীকৃত দিক নির্দেশনা অনুসরন পূর্বক ২০২০-২০২১ অর্থ বছরের দায়েরযোগ্য মামলা দায়ের এবং বিচারাধীন মামলাসমূহ দ্রুত নিস্পত্তির লক্ষ্যমাত্রা অর্জনের জোর প্রচেষ্টা গ্রহণের জন্য সকলকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ব্যর্থতায় দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর বর্তাবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২৫/১১/২০২০

( মোহাঃ গোলাম মাহবুব )

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

নং প্রকা/আইন-৭৯৫(অংশ-৫)২০২০-২০২১/ তারিখ ঃ - ঐ -

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

০১। ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা,ঢাকা।

০২। ষ্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০৩। ষ্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা,ঢাকা।

০৪। উপ-মহাব্যবস্থাপক,আইসিটি অপারেশন কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা কে মুল পত্রটি বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা।

০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৮। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৯। নথি/ মহানথি।

২৫/১১/২০২০

( মোহাম্মদ ফখরুল হাসান তালুকদার )

সহকারী মহাব্যবস্থাপক

S/E:\Computer -01 backup\Law\A. Sabur\circular file\Artha rin Adalat -2020.docx